

## ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ত্বাহারৎ বা পবিত্রতা (الطهارة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## (क) ७४ (क) (क)

ছালাতের আবশ্যিক পূর্বশর্ত হ'ল ত্বাহারৎ বা পবিত্রতা অর্জন করা। যা দু'প্রকারের : আভ্যন্তরীণ ও বাহ্যিক, অর্থাৎ দৈহিক। 'আভ্যন্তরীণ পবিত্রতা' বলতে বুঝায় হৃদয়কে যাবতীয় শিরকী আক্কীদা ও 'রিয়া' মুক্ত রাখা এবং আল্লাহর ভালবাসার উধের্ব অন্যের ভালবাসাকে হৃদয়ে স্থান না দেওয়া। 'দৈহিক পবিত্রতা' বলতে বুঝায় শারঈ তরীকায় ওয়্, গোসল বা তায়াম্মুম সম্পন্ন করা। আল্লাহ বলেন, إِنَّ اللهَ يُحِبُّ الْمُنَطَهِّرِيْنَ (البقرة (البقرة ) ২২২)- 'নিক্ষয়ই আল্লাহ (অন্তর থেকে) তওবাকারী ও (দৈহিকভাবে) পবিত্রতা অর্জনকারীদের ভালবাসেন' (বাক্কারাহ ২/২২২) ন রাস্লুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, مِنْ غُلُوْلٍ وَلاَ صَدَقَةٌ مِنْ غُلُوْلٍ وَلاَ صَدَقَةٌ مِنْ غُلُوْلٍ مَا এবং হারাম মালের ছাদাকা কবুল হয় না'। [1]

মুছল্লীর জন্য দৈহিক পবিত্রতা অর্জন করা অত্যন্ত যরূরী। কেননা এর ফলে বাহ্যিক পবিত্রতা হাছিলের সাথে সাথে মানসিক প্রশান্তি সৃষ্টি হয়, শয়তানী খেয়াল দূরীভূত হয় এবং মুমিনকে আল্লাহর আনুগত্যের প্রতি উদ্বুদ্ধ করে। ইসলামে দৈহিক পবিত্রতা হাছিলের তিনটি পদ্ধতি রয়েছে- ওয়ু, গোসল ও তায়াম্মুম।

(क) ওযূ (الوَضاءة) আভিধানিক অর্থ স্বচ্ছতা (الوَضاءة) পারিভাষিক অর্থে পবিত্র পানি দ্বারা শারঈ পদ্ধতিতে হাত, মুখ, পা ধৌত করা ও (ভিজা হাতে) মাথা মাসাহ করাকে 'ওয়' বলে।

ওযূর ফরয : ওযূর মধ্যে ফরয হ'ল চারটি। ১. কুলি করা, নাকে পানি দেওয়া ও ঝাড়া সহ পুরা মুখমণ্ডল ভালভাবে ধৌত করা। ২. দুই হাত কনুই সমেত ধৌত করা, ৩. (ভিজা হাতে) কানসহ মাথা মাসাহ করা ও ৪. দুই পা টাখনু সমেত ধৌত করা।

যেমন আল্লাহ বলেন,

يَا أَيُّهَا الَّذِيْنَ آمَنُوْا إِذَا قُمْتُمْ إِلَى الصَّلاَةِ فَاغْسِلُوْا وُجُوْهَكُمْ وَأَيْدِيْكُمْ إِلَى الْمَرَافِقِ وَامْسَحُوْا بِرُءُوْسِكُمْ وَأَرْجُلَكُمْ إِلَى الْكَعْبَيْنِ ... (المائدة 6)

অর্থ : 'হে বিশ্বাসীগণ! যখন তোমরা ছালাতের জন্য প্রস্তুত হও, তখন তোমাদের মুখমণ্ডল ও হস্তদ্বয় কনুই সমেত ধৌত কর এবং তোমাদের মাথা মাসাহ কর ও পদযুগল টাখনু সমেত ধৌত কর.....' (মায়েদাহ ৬)।[2] অত্র আয়াতে বর্ণিত চারটি ফর্য বাদে ওয়ুর বাকী সবই সুন্নাত।

ওযূর ফযীলত ( فضائل الوضوء :

(১) রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন,..... কালো ঘোড়া সমূহের মধ্যে কপাল চিতা ঘোড়া যেভাবে চেনা যায়.. কিয়ামতের দিন আমার উম্মতের ওযূর অঙ্গগুলির ঔজ্জ্বল্য দেখে আমি তাদেরকে অনুরূপভাবে চিনব এবং



তাদেরকে হাউয কাওছারের পানি পান করানোর জন্য আগেই পৌঁছে যাব'।[3] 'অতএব যে চায় সে যেন তার উজ্জ্বল্য বাড়াতে চেষ্টা করে'।[4]

- (২) তিনি বলেন, 'আমি কি তোমাদের বলব কোন্ বস্তু দ্বারা আল্লাহ তোমাদের গোনাহ সমূহ অধিকহারে দূর করেন ও সম্মানের স্তর বৃদ্ধি করেন?..... সেটি হ'ল কষ্টের সময় ভালভাবে ওয়ু করা, বেশী বেশী মসজিদে যাওয়া ও এক ছালাতের পরে আরেক ছালাতের জন্য অপেক্ষা করা'।[5]
- (৩) তিনি আরও বলেন, 'ছালাতের চাবি হ'ল ওয়'।[6]
- (৪) তিনি বলেন, 'মুসলমান যখন ফরয ছালাত আদায়ের উদ্দেশ্যে সুন্দরভাবে ওয়ু করে এবং পূর্ণ মনোনিবেশ ও ভীতি সহকারে সুষ্ঠুভাবে রুকূ-সিজদা আদায় করে, তখন ঐ ওয়ু ও ছালাত তার বিগত সকল গুনাহের কাফফারা হিসাবে গৃহীত হয়। তবে গোনাহে কাবীরাহ ব্যতীত'।[7] অন্য বর্ণনায় এসেছে, ঐ ব্যক্তি গোনাহ থেকে এমনভাবে মুক্ত হয়, যেমনভাবে তার মা তাকে পরিচ্ছন্নভাবে প্রসব করেছিল।[8]
- (৫) ওয় করার পর সর্বদা দু'রাক'আত 'তাহিইয়াতুল ওয়' এবং মসজিদে প্রবেশ করার পর দু'রাক'আত 'তাহিইয়াতুল মাসজিদ' নফল ছালাত আদায় করবে। এই আকাংখিত সদভ্যাসের কারণেই জান্নাতে বেলাল (রাঃ)- এর অগ্রগামী পদশব্দ রাসূলুল্লাহ (ছাঃ) স্বপ্নের মধ্যে শুনেছিলেন।[9] তবে মসজিদে গিয়ে জামা'আত চলা অবস্থায় পেলে কিংবা একামত হয়ে গেলে সরাসরি জামা'আতে যোগ দিবে।[10]

## ফুটনোট

- [1] . মুসলিম, মুত্তাফার্ক 'আলাইহ, মিশকাত হা/৩০১, ৩০০ 'পবিত্রতা' অধ্যায়-৩, 'যা ওয়্ ওয়াজিব করে' অনুচ্ছেদ-১।
- [2] . সূরায়ে মায়েদাহ মদীনায় অবতীর্ণ হয়। সেকারণে অনেকের ধারণা ওয়ূ প্রথম মদীনাতেই ফরয হয়। এটা ঠিক নয়। ইবনু আবদিল বার্র বলেন, মাক্কী জীবনে রাসূলুল্লাহ (ছাঃ) বিনা ওয়ূতে কখনোই ছালাত আদায় করেননি। তবে মাদানী জীবনে অত্র আয়াত নাযিলের মাধ্যমে ওটার ফরিয়াত ঘোষণা করা হয় মাত্র (দ্র: ফাৎহুল বারী 'ওয়ু' অধ্যায় ১/১৩৪ পৃঃ)। যায়েদ বিন হারেছাহ (রাঃ) রাসূল (ছাঃ) হ'তে বর্ণনা করেন যে, জিব্রীল প্রথম দিকে যখন তাঁর নিকটে 'অহি' নিয়ে আসেন, তখন তাঁকে ওয়ু ও ছালাত শিক্ষা দেন'...(আহমাদ, ইবনু মাজাহ হা/৪৬২; দারাকুৎনী, মিশকাত হা/৩৬৬, 'পবিত্রতা' অধ্যায়-৩, 'পেশাব-পায়খানার আদব' অনুচ্ছেদ-২; সিলসিলা ছহীহাহ হা/৮৪১)।
- [3] . মুসলিম, মিশকাত হা/২৯৮, 'পবিত্রতা' অধ্যায়-৩, পরিচ্ছেদ-৩।
- [4] . মুত্তাফারু 'আলাইহ, মিশকাত হা/২৯o।
- [5] . মুসলিম, মিশকাত হা/২৮২।



- [6] . আবুদাউদ, তিরমিযী, দারেমী, মিশকাত হা/৩১২, 'পবিত্রতা' অধ্যায়-৩, অনুচ্ছেদ-১।
- [7] . মুসলিম, মিশকাত হা/২৮৬ 'পবিত্রতা' অধ্যায়-৩, পরিচ্ছেদ-১।
- [8] . মুসলিম, মিশকাত হা/১০৪২ 'ছালাত' অধ্যায়-৪, 'নিষিদ্ধ ওয়াক্ত সমূহ' অনুচ্ছেদ-২২।
- [9] . মুত্তাফাৰু 'আলাইহ, মিশকাত হা/১৩২২; তিরমিয়ী, আহমাদ, মিশকাত হা/১৩২৬ 'ঐচ্ছিক ছালাত' অনুচ্ছেদ-৩৯।
- [10] . মুসলিম, মিশকাত হা/১০৫৮ 'জামা'আত ও উহার ফ্যীলত' অনুচ্ছেদ-২৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9180

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন